# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

## বিভাগীয় প্রধান, উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ

## এবং

## মহাপরিচালক এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮**

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | **উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগের** কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ১ |
| ২ | উপক্রমণিকা (Preabmle) | ৩ |
| ৩ | সেকশন-১ : রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলি | ৪ |
| ৪ | সেকশন-২ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদান সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৫ |
| ৫ | সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১১ |
| ৬ | সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি | ১২ |
| ৭ | সংযোজনী ৩: অন্যান্য কার্যালয়সমূহের উপর নির্ভরশীলতা | ১৩ |

# উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

# (Overview of the performance of the Plant Physiology Division)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা-

**সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

নতুন পীড়ন সহিষ্ণু জাত উদ্ভাবনের উদ্দেশ্যে ধান গাছের অজৈব পীড়নের বিভিন্ন দিক নিয়ে অধ্যয়ন করা এবং উৎপাদন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে শারীরতাত্ত্বিক সক্ষমতা ত্বরান্বিতকরন উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগের অন্যতম লক্ষ্য। এ লক্ষ্যে বিগত তিন বছরে তিনটি অগ্রগামী কৌলিক সারির (বিআর৭১০০-আর-৬৬, আই আর৭৮৭৬১-বি-এসটিবি১-২৮-৩-২৪ এবং আই আর৭৭০৯২-২আর-বি-১০) বৈশিষ্ট্যায়ন ও সম্পূর্ন জীবনকালে লবণাক্ততা সহিষ্ণুতার মাত্রা ( ৮ ডি এস/ মি) নিরূপন করা হয়। যা লবণাক্ততা সহনশীল জাত ব্রি ধান৬৭, ব্রি ধান৭৩ এবং ব্রি ধান৭৮ হিসেবে যথাক্রমে ২০১৪, ২০১৫ এবং ২০১৬ সালে অবমুক্ত করা হয়। অগ্রগামী কৌলিক সারি আই আর৮২৬৩৫-বি-বি-৭৫-২ এবং আই আর৮২৫৮৯-বি-বি-৮৪-৩ আমন মৌসুমের জন্য খরা সহিষ্ণু জাত হিসাবে ২০১৪ এবং ২০১৫ সালে যথাক্রমে ব্রি ধান৬৬ এবং ব্রি ধান৭১ হিসাবে অবমুক্ত হয়। এছাড়া Weed tolerant একটি কৌলিক সারি পরীক্ষা করে পানি সাশ্রয়ী হিসেবে চিহ্নিত করা হয় যা ২০১৪ সালে ব্রি ধান৬৯ হিসাবে অবমুক্ত হয়। ধানের ২টি অগ্রগামী সারি (আই আর৭৭৪৯-৩১-২-১-৩ এবং আই আর২২৬৬-৪২-৬-২) চিহ্নিত করা হয়েছে যাহা চারা অবস্থায় ঠান্ডা সহিষ্ণু এবং ব্রি ধান২৮ ও ব্রি ধান৩৬ থেকে বেশী ফলনশীল। গ্রোথ চেম্বার এ নিয়ন্ত্রিত অবস্থায় পরীক্ষার মাধ্যমে ভূটান নামক একটি ধানের জাতের প্রজনন পর্যায়ে ঠান্ডা সহিষ্ণু হিসাবে চিহ্নিত করা হয়েছে যাহা ঠান্ডা সহিষ্ণু জাত উদ্ভাবনে ডোনার প্যারেন্ট হিসাবে ব্যবহার করা যাবে। প্রাকৃতিক পরিবেশে মাঠে পরীক্ষার মাধ্যমে IRTON থেকে প্রাপ্ত ২টি কৌলিক সারি (আই আর৮৭৩২২-৬৫-২ এবং আই আর১০K-১৫০) চারা ও প্রজনন উভয় পর্যায়ে ঠান্ডা সহিষ্ণু হিসাবে চিহ্নিত করা হয়েছে। ব্রি ধান২৯ দীর্ঘ জীবনকালের হওয়ায় এবং ব্রি ধান২৮ আউশ মৌসুমে চাষাবাদের কারণে প্রায়শই এজাত দু'টিতে চিটা সমস্যা দেখা যাচ্ছে বিধায় এ জাত দু'টিকে উচ্চ তাপমাত্রা সহিষ্ণু করার গবেষণা চলছে। ব্রিডিং এর মাধ্যমে এ জাত দু'টিকে উচ্চ তাপমাত্রা সহিষ্ণু কিউটিএল সন্নিবেশিত করে জাত উদ্ভাবনের কাজ এগিয়ে চলছে। ব্রি'র জীন ব্যাংকের দুইটি জার্মপ্লাজম ( Acc no ১৮৩৮ এবং Acc no ৪০৯৬) ১৮ দিন জলমগ্ন সহিষ্ণু হিসাবে সনাক্ত করা হয়েছে। আমন মৌশুমে নাবিতে রোপনের জন্য ব্রি ধান৫৪ কে সবচাইতে উপযুক্ত হিসাবে চিহ্নিত করা হয়েছে। আউশে ১০০টি জার্মপ্লাজম বৈশিষ্ট্যায়ন করে একটি স্বল্প জীবনকালীন ধানের জাত (ধলাষাইট্টা) চিহ্নিত করা হয়েছে যার ধান পাকা পর্যায় তুলনামুলকভাবে দীর্ঘ। ব্রি প্রধান কার্যালয় ও এর বিভিন্ন আঞ্চলিক কার্যালয়ে আবহাওয়া উপাত্ত সংগ্রহের লক্ষে Weather station স্থাপন, ডাটা সংগ্রহ, সংরক্ষন এবং বিতরন করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

বর্তমানে ধানের ফলন বৃদ্ধি স্থবির অবস্থায় আছে। ফলনের এই স্থবিরতা ভাঙ্গা (Yield ceiling break) না গেলে ভবিষ্যতে ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য খাদ্যে ঘাটতি দেখা দিতে পারে। তাছাড়া পরিবর্তিত জলবায়ুর প্রভাবে খরা, লবণাক্ততা, জলাবদ্ধতা, জলমগ্নতা, ঠান্ডা, তাপ বৃদ্ধির কারণেও ভবিষ্যতে দেশে খাদ্য উৎপাদন কমে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। এ প্রেক্ষিতে ব্রি'র গবেষণা কার্যক্রমকে শক্তিশালীকরণের মাধ্যমে জলবায়ুর চ্যালেঞ্জ মোকাবেলা এবং ধানের অব্যাহত উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উচ্চ ফলনশীল, অজৈব পীড়ন সহিষ্ণু, স্বল্প মেয়াদি ও স্বল্প উপকরণ নির্ভর জাত এবং চাষাবাদ প্রযুক্তির উদ্ভাবন ও উন্নয়ন একান্ত অপরিহার্য।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

ধান উৎপাদনে স্বয়ংসম্পূর্নতা অর্জনকে টেকসই রূপ প্রদানের লক্ষ্যে পরিবর্তিত জলবায়ুর প্রভাব মোকাবেলা করার জন্য প্রতিকুলতা সহিষ্ণু জার্মপ্লাজম বাছাই এবং কৌলিক সারির বৈশিষ্ট্যায়ন করা। ধানের ফলনের স্থবিরতা ভাঙ্গার জন্য শারীরতাত্ত্বিক বৈশিষ্টায়ন করা।

**২০১৭-২০১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- জার্মপ্লাজমের লবনাক্ততা (৪০০টি), খরা (২০০টি), জলমগ্নতা (১০০টি), ঠান্ডা (২০০টি) এবং উচ্চ তাপমাত্রা (৫০টি) সহিষ্ণুতা পরীক্ষা করা।
- ব্রিডার কর্তৃক সরবরাহকৃত অগ্রগামী সারি অজৈব পীড়ন (লবনাক্ততা, খরা, জলমগ্নতা, ঠান্ডা এবং উচ্চ তাপমাত্রা) সহিষ্ণুতার জন্য পরীক্ষা করা হবে।
- ব্রি ধান২৮ এবং ব্রি ধান২৯ এ উচ্চ তাপমাত্রা সহিষ্ণু QTL প্রতিস্থাপন করা ২০টি Fixed lines এর উচ্চ তাপমাত্রা সহিষ্ণুতা ও ফলন পরীক্ষা করা হবে।
- ব্রি প্রধান কার্যালয় ও এর বিভিন্ন আঞ্চলিক কার্যালয়ে স্থাপিত Weather station হতে আবহাওয়া উপাত্ত সংগ্রহ করা হবে।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এ যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে -

বিভাগীয় প্রধান, উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ,বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

এবং

মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ- নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন -১

উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions) ঃ

### ১.১ রূপকল্প (Vision) ঃ

জলবায়ু পরিবর্তন এর চ্যালেঞ্জ মোকাবেলায় অনুকুল ও প্রতিকুল পরিবেশ উপযোগি ধানের জাত/প্রযুক্তি উদ্ভাবন।

### ১.২ অভিলক্ষ্য (Mission) ঃ

ধানের শারীরতাত্ত্বিক বৈশিস্ট্যায়নের মাধ্যমে অনুকুল ও প্রতিকুল পরিবেশে ধানের জাত ও নতুন প্রযুক্তি উদ্ভাবনে সহায়তা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (strategic objectives) ঃ

#### ১.৩.১ উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. ধানের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার জোরদারকরণ
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪. কার্যাবলি (Functions)

১. লবণাক্ততা, খরা, উচ্চ তাপমাত্রা, ঠান্ডা এবং জলমগ্নতাসহ বিভিন্ন পীড়ন সহিষ্ণু ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন করা।
২. ধানের ফলন বৃদ্ধির বিভিন্ন গবেষণা করা।
৩. আবহাওয়া উপাত্ত সংগ্রহ, সংরক্ষন ও বিতরন করা।
৪. আন্তর্জাতিক ও দেশীয় প্রতিষ্ঠানের সাথে গবেষণা সংযোগ স্থাপন করা।
৫. কৃষকের নিকট উদ্ভাবিত প্রযুক্তির সম্প্রসারণ করা।

# সেকশন ২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগের কৌশলগত উদ্দেশ্যেসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. ধানের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ৮০ | ১.১. জার্মপ্লাজম এর লবণাক্ততা সহিষ্ণুতা পরীক্ষা | ১.১.১ পরীক্ষাকৃত জার্মপ্লাজম | সংখ্যা | ৭ | ২০০ | ৪০০ | ৪০০ | ৩৭৫ | ৩৫০ | ৩২৫ | ৩০০ | ২০০ | ২০০ |
| | | ১.২. জার্মপ্লাজম এর খরা সহিষ্ণুতা পরীক্ষা | ১.২.১ পরীক্ষাকৃত জার্মপ্লাজম | সংখ্যা | ৬ | ২০০ | ২০০ | ২০০ | ১৯০ | ১৭৫ | ১৬০ | ১৫০ | ২০০ | ২০০ |
| | | ১.৩. জার্মপ্লাজম এর জলমগ্নতা সহিষ্ণুতা পরীক্ষা | ১.৩.১ পরীক্ষাকৃত জার্মপ্লাজম | সংখ্যা | ৫ | ১৪০ | ১৪০ | ১৫০ | ১৪০ | ১৩০ | ১২০ | ১১০ | ১০০ | ১০০ |
| | | ১.৪. জার্মপ্লাজম এর ঠান্ডা সহিষ্ণুতা পরীক্ষা | ১.৪.১ পরীক্ষাকৃত জার্মপ্লাজম | সংখ্যা | ৫ | ২০০ | ২০০ | ২০০ | ১৯০ | ১৭৫ | ১৬০ | ১৫০ | ২০০ | ২০০ |
| | | ১.৫. জার্মপ্লাজম এর উচ্চ তাপমাত্রা সহিষ্ণুতা পরীক্ষা | ১.৫.১ পরীক্ষাকৃত জার্মপ্লাজম | সংখ্যা | ৫ | - | ১০০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষমাত্রা/নির্ণায়ক (Target) ২০১৭-১৮ প্রকৃত অর্জন | | | | | প্রক্ষেপণ (২০১৮-১৯) | প্রক্ষেপণ (২০১৯-২০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগের বাধ্যতামূলক কৌশলগত উদ্দেশ্যেসমূহ | | | | | | | | | | | | | | |
| | | ১.৬ ব্রিডার কতৃক সরবরাহকৃত অগ্রগামী সারির পীড়ন সহনশীলতা পরীক্ষা করা | ১.৬.১ পরীক্ষাকৃত অগ্রগামি কৌলিক সারি | সংখ্যা | ২৭ | ১৭০ | লবণাক্ততা ১৯২টি (১১৫ +৪৪ +৩৩) খরা ৩৭টি ঠান্ডা ২৬টি জলাবদ্ধতা ৩১টি | ব্রিডার কর্তৃক সরবরাহকৃত অগ্রগামি কৌলিক সারির সংখ্যা | | | | | ব্রিডার কতৃক সরবরাহকৃত অগ্রগামি কৌলিক সারিসমুহ | ব্রিডার কর্তৃক সরবরাহকৃত অগ্রগামি কৌলিক সারিসমুহ |
| | | ১.৭ ধানের Yield ceiling ভাঙ্গতে প্রোগ্রাম এরিয়াতে নেয়া পরীক্ষনসমুহ বাস্তবায়ন করা | ১.৭.১ বাস্তবায়নকৃত পরীক্ষনসমুহ | সংখ্যা | ১৫ | প্রোগ্রাম এরিয়াতে নেয়া পরীক্ষন অনুযায়ী কর্মসম্পাদন করা হয়েছে। | | প্রোগ্রাম এরিয়াতে নেয়া পরীক্ষন অনুযায়ী কর্মসম্পাদন করা হবে। | | | | | প্রোগ্রাম এরিয়াতে নেয়া পরীক্ষন অনুযায়ী কর্মসম্পাদন করা হবে। | প্রোগ্রাম এরিয়াতে নেয়া পরীক্ষন অনুযায়ী কর্মসম্পাদন করা হবে। |
| | | ১.৮ ব্রি গাজীপুর ও আঞ্চলিক কার্যালয় সমুহের Weather station হতে অবহাওয়া উপাত্ত সংগ্রহ করা | ১.৮.১ সংগৃহীত অবহাওয়া উপাত্ত (তাপমাত্রা, বৃষ্টিপাত, আদ্রতা ) | সংখ্যা | ১০ | প্রোগ্রাম এরিয়াতে নেয়া পরীক্ষন অনুযায়ী কর্মসম্পাদন করা হয়েছে। | ব্রি গাজীপুর ও আঞ্চলিক কার্যালয় সমুহের অবহাওয়া উপাত্ত সংগ্রহ করা হয়েছে। | ব্রি গাজীপুর ও ৭টি আঞ্চলিক কার্যালয় এর অবহাওয়া উপাত্ত | ব্রি গাজীপুর ও ৬টি আ/কা এর উপাত্ত | ব্রি গাজীপুর ও ৫টি আ/কা এর উপাত্ত | ব্রি গাজীপুর ও ৪টি আ/কা এর উপাত্ত | ব্রি গাজীপুর ও ৩টি আ/কা এর উপাত্ত | ব্রি গাজীপুর ও ৭টি আঞ্চলিক কার্যালয় এর অবহাওয়া উপাত্ত সংগ্রহ করা হবে। | ব্রি গাজীপুর ও ৭টি আঞ্চলিক কার্যালয় এর অবহাওয়া উপাত্ত সংগ্রহ করা হবে। |

*সাময়িক

# উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

## (মোট নম্বর-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষমাত্রার মান-২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলিত মান (Fair) | চলিত মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৭ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা। | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ১টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষমাত্রার মান-২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলিত মান (Fair) | চলিত মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | | | | |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেন্‌স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্‌স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষমাত্রার মান-২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলিত মান (Fair) | চলিত মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার জোরদারকরণ | ১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি, বিভাগীয় প্রধান, উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালকের নিকট অংগীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব ।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগের বিভাগীয় প্রধানের নিকট অংগীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা করব।

স্বাক্ষরিতঃ

বিভাগীয় প্রধান
উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ

তারিখ

মহাপরিচালক
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

তারিখ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | ব্রি | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট |
| ২ | IRTON | International Rice Temperate Observational Nursery |
| ৩ | QTL | Quantitative Trait Loci |
| ৪ | Acc | Accession |
| ৫ | NGO | Non Government Organization |
| ৬ | আ/কা | আঞ্চলিক কার্যালয় |

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারন মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | জার্মপ্লাজম এর লবণাক্ততা সহিষ্ণুতা পরীক্ষা | পরীক্ষাকৃত জার্মপ্লাজম | ব্রি'র ধানের জাত উদ্ভাবন সংক্রান্ত, ধানের শারীরবৃত্তিয় গবেষণা, ধানের ফলন বৃদ্ধির জন্য উচ্চফলনশীল এবং লবনাক্ততা সহিষ্ণু ধানের জাত উদ্ভাবন করে। | উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ | ব্রি'র বার্ষিক প্রতিবেদন, মন্ত্রালয়ে প্রেরিত বার্ষিক প্রতিবেদন, জার্নাল ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| ২ | জার্মপ্লাজম এর খরা সহিষ্ণুতা পরীক্ষা | পরীক্ষাকৃত জার্মপ্লাজম | ব্রি'র ধানের জাত উদ্ভাবন সংক্রান্ত, ধানের শারীরবৃত্তিয় গবেষণা, গবেষণা বিভাগসমূহ ধানের ফলন বৃদ্ধির জন্য উচ্চফলনশীল এবং খরা সহিষ্ণু ধানের জাত উদ্ভাবন করে। | উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ | ব্রি'র বার্ষিক প্রতিবেদন, মন্ত্রালয়ে প্রেরিত বার্ষিক প্রতিবেদন, জার্নাল ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| ৩ | জার্মপ্লাজম এর জলমগ্নতা সহিষ্ণুতা পরীক্ষা | পরীক্ষাকৃত জার্মপ্লাজম | ব্রি'র ধানের জাত উদ্ভাবন সংক্রান্ত, ধানের শারীরবৃত্তিয় গবেষণা, ধানের ফলন বৃদ্ধির জন্য উচ্চফলনশীল এবং জলমগ্নতা সহিষ্ণু ধানের জাত উদ্ভাবন করে। | উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ | ব্রি'র বার্ষিক প্রতিবেদন, মন্ত্রালয়ে প্রেরিত বার্ষিক প্রতিবেদন, জার্নাল ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| ৪ | জার্মপ্লাজম এর ঠান্ডা সহিষ্ণুতা পরীক্ষা | পরীক্ষাকৃত জার্মপ্লাজম | ব্রি'র ধানের জাত উদ্ভাবন সংক্রান্ত, ধানের শারীরবৃত্তিয় গবেষণা,ধানের ফলন বৃদ্ধির জন্য উচ্চফলনশীল এবং ঠান্ডা সহিষ্ণু ধানের জাত উদ্ভাবন করে। | উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ | ব্রি'র বার্ষিক প্রতিবেদন, মন্ত্রালয়ে প্রেরিত বার্ষিক প্রতিবেদন, জার্নাল ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| ৫ | জার্মপ্লাজম এর উচ্চ তাপমাত্রা সহিষ্ণুতা পরীক্ষা | পরীক্ষাকৃত জার্মপ্লাজম | ব্রি'র ধানের জাত উদ্ভাবন সংক্রান্ত, ধানের শারীরবৃত্তিয় গবেষণা,ধানের ফলন বৃদ্ধির জন্য উচ্চফলনশীল এবং উচ্চ তাপমাত্রা সহিষ্ণু ধানের জাত উদ্ভাবন করে। | উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ | ব্রি'র বার্ষিক প্রতিবেদন, মন্ত্রালয়ে প্রেরিত বার্ষিক প্রতিবেদন, জার্নাল ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| ৬ | অগ্রগামী সারির পীড়ন সহনশীলতা পরীক্ষা করা | পরীক্ষাকৃত অগ্রগামি কৌলিক সারি | ব্রি'র ধানের জাত উদ্ভাবন সংক্রান্ত ধানের শারীরবৃত্তিয় গবেষণা, ধানের ফলন বৃদ্ধির জন্য উচ্চফলনশীল এবং লবনাক্ততা, খরা, উচ্চ তাপমাত্রা, ঠান্ডা ও জলমগ্নতা সহিষ্ণু ধানের জাত উদ্ভাবন করে। | উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ | ব্রি'র বার্ষিক প্রতিবেদন, জার্নাল ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| ৭ | ধানের Yield ceiling ভাঙ্গা | বাস্তবায়নকৃত পরীক্ষনসমুহ | প্রোগ্রাম এরিয়াতে নেয়া পরীক্ষনসমুহ বাস্তবায়ন করে যাহা ধানের Yield ceiling ভাঙ্গার জন্য নতুন বৈশিষ্ট্য চিহ্নিত করে। | উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ | ব্রি'র বার্ষিক প্রতিবেদন, জার্নাল ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| ৮ | ব্রি গাজীপুর ও আঞ্চলিক কার্যালয় সমুহের Weather station হতে | সংগৃহীত অবহাওয়া উপাত্ত | ব্রি গাজীপুর ও আঞ্চলিক কার্যালয় সমুহের Weather station হতে অবহাওয়া উপাত্ত সংগ্রহ করে। | উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ | ব্রি'র বার্ষিক প্রতিবেদন, জার্নাল ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | অবহাওয়া উপাত্ত সংগ্রহ করা | | | | | |

সংযোজনী ৩: অন্যান্য কার্যালয়সমূহের উপর নির্ভরশীলতা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশার পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| কৌলি সম্পদ ও বীজ বিভাগ, ব্রি গাজীপুর | জার্মপ্লাজম এর লবণাক্ততা, খরা, জলমগ্নতা, ঠান্ডা ও উচ্চ তাপমাত্রা সহিষ্ণুতা পরীক্ষা | পরীক্ষাকৃত জার্মপ্লাজম | জার্মপ্লাজম এর প্রয়োজনীয় বীজ সরবরাহ | অনুকুল এবং প্রতিকুল পরিবেশের জন্য নতুন জাতের উচ্চ ফলনশীল জাতের ধান উদ্ভাবনের জন্য doner parent নির্বাচন | অনুকুল এবং প্রতিকুল পরিবেশের জন্য নতুন জাতের উচ্চ ফলনশীল ধান উদ্ভাবনের কার্যক্রম ক্ষতিগ্রস্থ হবে। |
| উদ্ভিদ প্রজনজন বিভাগ, ব্রি গাজীপুর | অগ্রগামী সারির পীড়ন সহনশীলতা পরীক্ষা করা | পরীক্ষাকৃত অগ্রগামি কৌলিক সারি | অগ্রগামি কৌলিক সারির প্রয়োজনীয় বীজ সরবরাহ | প্রতিকুল পরিবেশের জন্য উচ্চ ফলনশীল জাতের ধান উদ্ভাবন | প্রতিকুল পরিবেশের জন্য উচ্চ ফলনশীল জাতের ধান উদ্ভাবনে সমস্যা হবে, ধানের উৎপাদনশীলতা ক্ষতিগ্রস্থ হবে এবং খাদ্য নিরাপত্তা হুমকিতে পড়বে। |
| জৈব প্রযুক্তি বিভাগ, ব্রি গাজীপুর | অগ্রগামী সারির পীড়ন সহনশীলতা পরীক্ষা করা | পরীক্ষাকৃত অগ্রগামি কৌলিক সারি | অগ্রগামি কৌলিক সারির প্রয়োজনীয় বীজ সরবরাহ | প্রতিকুল পরিবেশের জন্য উচ্চ ফলনশীল জাতের ধান উদ্ভাবন | প্রতিকুল পরিবেশের জন্য উচ্চ ফলনশীল জাতের ধান উদ্ভাবনে সমস্যা হবে, ধানের উৎপাদনশীলতা ক্ষতিগ্রস্থ হবে এবং খাদ্য নিরাপত্তা হুমকিতে পড়বে। |